# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 18 June, 2025

লর্ডসে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল দেখতে গিয়ে এক বৈঠকে এমন ধারণার প্রতি সমর্থন দিয়েছেন আইসিসি চেয়ারম্যান জয় শাহ। তারা মনে করছেন, টেস্ট চারদিনের হলে ছোটদলগুলো লাভবান হবে, ম্যাচসংখ্যা বাড়বে, সিরিজও বাড়ানো যাবে।সব ঠিক থাকলে টেস্ট চ্যাম্পিয়নশিপের ২০২৭-২৯ সাইকেল থেকে শুরু হতে পারে চারদিনের টেস্টের যুগ।বর্তমান, অর্থাৎ গলে বাংলাদেশ ও শ্রীলঙ্কার ম্যাচ দিয়ে চালু হওয়া চক্রের ম্যাচগুলো পাঁচদিনেরই হবে।

টেস্ট চারদিনের হয়ে গেলে ক্ষতি পুষিয়ে নিতে প্রতিদিন খেলা হবে ৯৮ ওভার, বিদ্যমান নিয়মে হয় ৯০ ওভার পর্যন্ত।

টেস্ট ক্রিকেট চারদিনের ম্যাচ আগেও দেখেছে।আইসিসি ২০১৭ সালে প্রথম এর অনুমোদন দিয়েছিল।ইংল্যান্ড ২০১৯ ও ২০২৩ সালে আয়ারল্যান্ডের সঙ্গে চারদিনের টেস্ট খেলে।গত মাসে জিম্বাবুয়ের বিপক্ষেও তারা চারদিনের টেস্ট খেলেছে।

টেস্ট ক্রিকেট চারদিনের হয়ে গেলেও ইংল্যান্ড, অস্ট্রেলিয়া ও ভারতের ম্যাচগুলো হবে পাঁচদিনের।এই দলগুলোও নিজেদের মধ্যে পাঁচ ম্যাচের সিরিজ খেলে থাকে।পরিকল্পিত ২০২৭-২৯ চক্রেও তারা পাঁচ ম্যাচের সিরিজই খেলবে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:44

URL: https://timestodaybd.com/sports/3484195028